




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৪১.১৪-৬৭৬

তারিখঃ ০৩/১০/২০১৭ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের মাঠ সংগঠক জনাব জেসমিন সুলতানা বিগত ০৩/০৪/২০১৩ খ্রিঃ হতে অদ্যাবধি বরিশাল জেলার গৌরনদী উপজেলায় কর্মরত রয়েছেন। বিভিন্ন সময়ে প্রকল্প বাস্তবায়নসহ বিভিন্ন বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান এবং দীর্ঘদিন কর্মরত থাকা সত্ত্বেও প্রকল্প কার্যক্রমে তিনি অদক্ষ। তাছাড়া তার দায়িত্ব পালনে অবহেলা, উদাসীনতা ও গাফিলতির কারণে বর্ণিত উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে। এ ধরনের অদক্ষ, অযোগ্য কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করে দায়িত্বে নিয়োজিত রাখলে একদিকে যেমন প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন ব্যাহত হবে অন্যদিকে অন্যান্য কর্মচারীদের মধ্যে দায়িত্ব পালনে অনিহা তৈরীর আশঙ্কা থাকবে। তাই মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পটির সফল বাস্তবায়নের স্বার্থে মাঠ সংগঠক জনাব জেসমিন সুলতানা-কে তার অদক্ষতা, অযোগ্যতা, দায়িত্ব পালনে অবহেলা, উদাসীনতা ও গাফিলতির কারণে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের 'চ' নং শর্ত মোতাবেক কোন কারন দর্শানো ব্যতিরেকে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে তার সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। জনাব জেসমিন সুলতানা, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, গৌরনদী, বরিশাল।
- ২। উপপরিচালক, বিআরডিবি, বরিশাল।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, গৌরনদী, বরিশাল।
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, গৌরনদী, বরিশাল।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৮। অফিস কপি